কোটচাঁদপুরে ফার্মেসিতে জরিমানা

কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে ঔষুধ ফার্মেসিতে জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল সোমবার কোটচাঁদপুর সরকারি হাসপাতাল গেটে অবস্থিত ঔষুধ ফার্মেসি গুলোতে এই অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত মেয়াদোত্তীর্ণ ও বেশি দামে ঔষুধ বিক্রির দায়ে মিজান ফার্মেসিকে ১৫ হাজার ও ইমতিয়াজ ফার্মেসিকে ৭ হাজার টাকা জরিমানা করে।

উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সুচন্দন মন্ডল কে সাথে নিয়ে হাসপাতাল এলাকার ফার্মেসি গুলোতে এ অভিযান চালানো হয়। অভিযানে সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেন কোটচাঁদপুর থানা পুলিশ।

আমঝুপি -ইসলামনগর সড়কে ছিনতাইকারীদের হামলা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি-ইসলামনগর সড়কে পথচারীদের উপর হামলায় তিন জন আহত হয়েছে।

সোমবার রাত ৯টার দিকে সড়কের মাকড়সাভাঙা এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় ইউপি সদস্য আবুল কাশেম জানান, ইসলামনগর গ্রামের আসাদুল ও রহমান আমঝুপি থেকে মোটরসাইকেল যোগে ইসলামনগরে ফিরছিল। । এ সময় ঘটনাস্থলে ৭ জনের একদল ছিনতাইকারী সড়কে কলার গাছ ফেলে তাদের গতিরোধ করে। এরপরপরই নসিমন নিয়ে রং মিস্ত্রি কালাম নসিমন নিয়ে ইসলামনগরে ফেরার পথে তাকেও আটকায়। এসময় তারা চিৎকার শুরু করেলে তাদের বেধড়ক পিটায় ছিনতাইকারীরা। এসময় তাদের কাছে থাকা দুই হাজার

টাকা এবং রহমানের ব্যবহৃত মোবাইল ফোনটি ছিনিয়ে নেয়। পরে খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌছানোর আগে ছিনতাইকারীরা পালিয়ে যায়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

বাংলাদেশ উশু ফেডারেশন কুষ্টিয়া জেলা কমিটির অনুমোদন

বাংলাদেশ উশু ফেডারেশন কুষ্টিয়া জেলা কমিটির অনুমোদন দেওয়া হয়েছে।
এসএম জামালকে সভাপতি এবং মোঃ বিপুল হোসেন কে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেওয়া হয়।

সম্প্রতি বাংলাদেশ উশু ফেডারেশন এর কেন্দ্রীয় কমিটির সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. আব্দুস সোবাহান গোলাপ এমপি ও বাংলাদেশ উশু ফেডারেশন এর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ দুলাল হোসেন স্বাক্ষরিত এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

প্রসঙ্গত,উশু চায়নিজ ম্যান্ডারিন ভাষার একটি শব্দ যার অর্থ মার্শাল আর্ট। সাধারণত এই খেলাটি কুংফু নামে ব্যাপকভাবে পরিচিত। প্রায় চার হাজার বছর আগে চীন দেশে এই খেলার উৎপত্তি। বর্তমানে এটি উশু খেলা নামে শতাধিক দেশে জাতীয় পর্যায়ে এবং আর্ন্তজাতিক পর্যায়ে অনুষ্ঠিত হচ্ছে।

মেহেরপুরে বিএনপির উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

মেহেরপুরে আলোচনা সভা, মৌন পথযাত্রাসহ বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন করেছে জেলা বিএনপি।
সোমবার সকালে জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।আলোচনা সভা শেষে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এর নেতৃত্বে মৌন পথযাত্রা শহর প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ের শহীদ বেদীতে পূস্পমাল্য অর্পণ করে।

এসময় সেখানে শহীদ বুদ্ধিজীবি সহ রক্ত ত্যাগে অর্জিত সকলের উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন ও আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়।

আলোচনা সভায় মাসুদ অরুন বলেন জাতির শ্রেষ্ট্র সন্তানদের আত্মত্যাগ স্বাধীনতার রজত জয়ন্তী পূর্তির এই শুভক্ষণে অবরুদ্ধ গণতন্ত্র পুনরুদ্ধার, গণমাধ্যমের স্বাধীনতা এবং গণমানুষের কাংখিত রাষ্ট্র বিনির্মাণে যে সংগ্রাম তা চলমান থাকবে। সভা পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা মুক্তিযোদ্ধা দলের আহবায়ক রাইহানুল কবীর,যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারন সম্পাদক কাওছার আলী, মুজিবনগর উপজেলা শ্রমিকদলের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, সদর উপজেলা যুবদেল আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, গাংনী উপজেলা আহবায়ক আবুল মালেক চপল, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ সেনজির, তৌফিক এলাহী সাকিল, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মেহেরপুর সরকারী কলেজের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী প্রমুখ।

মেহেরপুর জেলা আ’লীগের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, শহীদ বুদ্ধিজীবিদের প্রতি সম্মান প্রদর্শন পূর্বক শহীদ স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ এর মধ্য দিয়ে মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

সোমবার সকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে দিবসটি পালন করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শহীদ বুদ্ধিজীবী দিবসের সূচনা করা হয়। পরে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ করে সেখানে মোনাজাত করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য শামীম আরা হীরা উপস্থিত থেকে পুষ্প মাল্য অর্পণ করেন। এর পরপরই সেখানে মেহেরপুর জেলা যুবলীগের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজর হোসেন মিদুল উপস্থিত থেকে পুষ্প মাল্য অর্পণ করেন।

অন্যদের মধ্যে বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন। এর আগে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে একটি র্যালী বের করা হয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবন থেকে শুরু করে র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার দুপুরে সকালে কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতি সৌধে পুস্প মালা অর্পণ করেন যুবলীগের নেতা কর্মীরা।

পরে সেখানে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। এর আগে জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে মেহেরপুরে পৌরসভা থেকে একটি র্যালী বের করা হয়।

এসময় প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, সাইদুর রহমান উজ্জল সহ যুবলীগের অন্যান্য নেতৃবৃন্দ সেখানে উপস্থিত ছিলেন।

গাংনীতে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন উপলক্ষ্যে দোয়া ও আলোচনাসভা

মেহেরপুরের গাংনীতে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন উপলক্ষ্যে আলোচনাসভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। আজ (সোমবার) দুপুরে গাংনী উপজেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন,মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন। উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও সাবেক সাংসদ বীরমুক্তিযোদ্ধা মকবুল হোসেন। এসময় সরকারী বিভিন্ন কর্মকর্তা,রাজনৈতিক ব্যাক্তি, ও সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনীপেশার ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে শহীদ বুদ্ধিজীবীদের আত্নার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা বলেন, স্বাধীনতা বিরোধীদের সহযোগিতায় পাক বাহিনী ৭ ই ডিসেম্বর থেকে দেশের বিভিন্ন জায়গায় হত্যাযজ্ঞ চালায় এর সর্বশেষ পরিনতি ১৪ – ই ডিসেম্বর জাতির সুর্যসন্তান দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, বুয়েটসহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নির্মম হত্যাযজ্ঞ চালায় স্বাধীনতা বিরোধী অপশক্তি । তারা ভেবেছিল জাতির মেধাবী মানুষগুলোকে মেরে ফেললে এই জাতি ধবংশ হয়ে যাবে । কিন্তু তারা আমাদেরকে শেষ করতে পারেনি । বক্তারা আরো বলেন, আমরা যেন ঐক্যবদ্ধ ভাবে সকল অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারি । স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুুর রহমান ও তার পরিবারের সদস্য যারা দেশের স্বাধীনতা বিরোধী অপশক্তির দ্বারা শহীদ হয়েছিলেন সেই সকল শহীদদের জন্য দোয়া দোয়া কামনা করেন।

শ্রদ্ধা-ভালোবাসায় জাতির সূর্যসন্তানদের স্মরণ

শহীদ বুদ্ধিজীবী দিবসে বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় জাতির সূর্যসন্তানদের স্মরণ করা হচ্ছে।

দিনটি উপলক্ষে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও রায়েরবাজার বধ্যভূমিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানাচ্ছেন নানা শ্রেণি-পেশার মানুষ।

এ ছাড়া বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক, সাংস্কৃতি ও পেশাজীবী সংগঠন নানা কর্মসূচি হাতে নিয়েছে।

সোমবার সকাল ৭টা ১০ মিনিটে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

রাষ্ট্রপতি আবদুল হামিদের পক্ষে তার সামরিক সচিব মেজর জেনারেল এস

এম শামীম উজ জামান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তার সামরিক সচিব মেজর জেনারেল নকিব আহমদ চৌধুরী শহীদবেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

এসময় বিউগলে বাজানো হয় করুণ সুর। সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল সামরিক কায়দায় সালাম জানায়।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর জাতীয় সংসদের স্পিকার এবং প্রধান বিচারপতির পক্ষ থেকে শহীদ বেদীতে শ্রদ্ধা জানানো হয়।

পরে মন্ত্রিসভার প্রতিনিধিরা এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধারা বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দিয়ে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণ করেন।

এরপর সর্বস্তরের জনগণ মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা জানান। পতাকা আর ফুল হাতে সকাল থেকেই নানা বয়সের মানুষ জড়ো হন শহীদ বেদীতে।

তবে করোনা মহামারীর কারণে অন্য সময়ের তুলনায় এবার মানুষ কম।

রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধের শহীদ বেদীও সকাল থেকে বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন এবং সর্বস্তরের মানুষের ফুলে ফুলে ভরে উঠতে থাকে।

প্রসঙ্গত ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর পাকিস্তানি হানাদার বাহিনী বাংলার শ্রেষ্ঠ সন্তানদের নিধনে মাঠে নামে।

রাতের অন্ধকারে বাসা কিংবা কর্মস্থল থেকে চোখ বেঁধে নিয়ে তারা শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের হত্যা করে।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল বাঙালি জাতিকে মেধাশূন্য করা। দেশের নানা জায়গায় হত্যাযজ্ঞ চললেও মূল হত্যাযজ্ঞ চলে রাজধানীর রায়েরবাজার বধ্যভূমিতে।

সেই থেকে ১৪ ডিসেম্বর দিনটিকে জাতি শ্রদ্ধাভরে স্মরণ করে, পালন করে শহীদ বুদ্ধিজীবী দিবস হিসেবে।

শোলমারী বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মেহেরপুর শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে বিদ্যালয়ের হলরুমে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন, সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন। এসময় উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষক আব্দুল জাব্বার, মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, জিয়াউর রহমান, রিপন আলী।

পরে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কমিটি গঠন

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুরের গাংনী উপজেলা কমিটি গঠন ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুরে গাংনী মহিলা ডিগ্রী কলেজের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা কমিটির আহবায়ক প্রফেসর হাসানুজামান মালেক। উপজেলা কমিটির আহবায়ক মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও গাংনী প্রেস ক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর পরিচালনায় বক্তব্য রাখেন, জেলা কমিটির সদস্যসচিব সাইদুর রহমান, জেলা আহবায়ক কমিটির সদস্য সিরাজুল ইসলাম, নুর জাহান বেগম, মকলেছুর রহমান খোকন, মুজিবনগর সরকারি

ডিগ্রী কলেজের প্রভাষক মুরাদ হোসেন, আলমডাঙ্গা এসএম জোহা কলেজের সহকারী অধ্যাপক সালাউদ্দীন,

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, বঙ্গবন্ধু শহীদ স্মৃতি পাঠাগারের সহ-সভাপতি ইয়াছিন রেজা, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দীন, তেড়াইল-জোরপুকুরিয়া ডিগ্রী কলেজের প্রভাষক মাসুম উল হক মিন্টু, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিপিএন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম ওহিদুল ইসলাম আসাদ, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের জেলা আহবায়ক কমিটির সদস্য অশোক চন্দ্র বিশ^◌াস, আবুল কাশেম অনুরাগী, আজিজুল হক রানু, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাইটিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম ও সাংবাদিক তোফায়েল হোসেন প্রমুখ।

এসময় উপজেলার বিভিন্ন কলেজের প্রভাষক, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সাস্কৃতিক ব্যক্তিত্ব, সামাজিক ব্যক্তিত্ব ও সুশীল সমাজের প্রতিনিধি বৃন্দ।

অনুষ্ঠান শেষে গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলমকে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক ও প্রভাষক ও উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে যুগ্ম-আহবায়ক করে আগামী ১৬ ডিসেম্বরের মধ্যে পূর্ণাঙ্গ আহবায়ক কমিটির গঠনের নিদের্শনা দেওয়া হয়।